ঋআবি-১ পরিপত্র নং-০১/২০১৮ তারিখ: ০৫.০২.২০১৮

বিষয় : সুদ মওকুফ নীতিমালা।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের দীর্ঘদিনের মন্দ ও ক্ষতি হিসেবে শ্রেণীকৃত ঋণ আদায় ত্বরান্বিত করা তথা প্রকৃত ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের প্রতিকূল অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে মন্দ ও ক্ষতি হিসেবে শ্রেণীবিন্যাসিত ঋণের সার্বিক অবস্থা বিবেচনা করে এবং প্রাকৃতিক দূর্যোগের কারণে সৃষ্ট প্রতিকূল অবস্থা কাটিয়ে উঠার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে ঋণের সুদ মওকুফ সংক্রান্ত নির্দেশনা জারী করা হয়। অর্থ মন্ত্রণালয় হতে জারীকৃত সুদ মওকুফ নির্দেশনা নিম্নরূপ:

(ক) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ হতে জারীকৃত ২৯.০৬.২০০৬ তারিখের অম/অবি/ব্যাংকিং/শাখা-১/বিবিধ-১০/২০০১-২০৭ নম্বর পত্রের মাধ্যমে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়েছে:

(১) আরোপিত সুদ মওকুফের ক্ষেত্রে Cost of fund recovery নিশ্চিত করে এবং ব্যাংকের Income account debit না করেই তা বিবেচনা করতে হবে;

(২) সকল দায়দেনা পরিশোধ করে ব্যাংকের ঋণ হিসাব অবসায়ন (Close) করার ক্ষেত্রে প্রতিটি কেইস মেরিট ভিত্তিতে ব্যাংক/পর্ষদ বিবেচনা করবে, তবে Cost of fund recovery নিশ্চিত করেই সুদ মওকুফের সুবিধা দিতে হবে;

(৩) অনারোপিত সুদ মওকুফের ক্ষেত্রে ব্যাংক/পর্ষদ প্রতিটি কেইসের যথার্থতা (Merit) বিবেচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবে।

(খ) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ হতে জারীকৃত ১৩.১১.২০০৬ তারিখের অম/অবি/ব্যাংকিং/শাখা-১/বিধি-১০/২০০১-৩৬২ নম্বর পত্রের মাধ্যমে মন্ত্রণালয়ের উল্লেখিত ২৯.০৬.২০০৬ তারিখের ১ ও ২ নম্বর অনুচ্ছেদে প্রদত্ত শর্ত দু'টি শিথিলকরণ বিষয়ে নিম্নোক্ত অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হয়েছে।

"কেবলমাত্র ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা বা তার চেয়ে কম ঋণগ্রহীতাদের ক্ষেত্র ঋণগ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদী ভাঙ্গন বা এ ধরণের দুর্দশার কারণে প্রতিটি কেসের যথার্থতা (Merit) বিবেচনা করে ব্যাংক/পর্ষদ এ নীতিমালার শর্তাবলী শিথিল করার বিষয়ে বিবেচনা করতে পারে।"

(গ) তাছাড়া, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১, এর ১২.০২.২০০৮ তারিখের অম/অবি/ব্যাংকিং/প্রশা-১/বিবিধ-১০/২০০১(অংশ-১)/৬৭ নম্বর পত্রমূলে নিম্নবর্ণিত ক্ষেত্রে Cost of fund recovery এর বিষয়ে শর্ত শিথিল করা যেতে পারে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে:

(১) বিক্রিত ও বন্ধ প্রকল্পের ক্ষেত্রে এবং অবলোপনকৃত প্রকল্পসমূহের ক্ষেত্রে (অবলোপনকৃত প্রকল্পের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালার সকল শর্ত পূরণ সাপেক্ষে);

(২) ঋণের জামানত, সহ-জামানত, প্রকল্প সম্পত্তি এবং প্রকল্প উদ্যোক্তাগণের ব্যক্তিগত সম্পদ বিক্রয় হতেও Cost of fund পূরণ করা না গেলে;

(৩) (ক) যদি পাওনা আদায়ের সকল আইনগত ব্যবস্থাসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণের পরও পাওনা আদায় করা না যায়;
(খ) অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৪৭(১) ধারা অনুযায়ী কোন ঋণগ্রহীতার উপর দায় এমনভাবে আরোপ করা যাবে না, যাতে আদালতে উত্থাপিত সমুদয় দাবী আসল ঋণ অপেক্ষা ২০০%(১০০+২০০=৩০০) এর অধিক হয়। এ আইনের আলোকে ব্যাংক কর্তৃক যে সকল ক্ষেত্রে ইতোমধ্যে আসল ঋনের তিনগুন আদায় হয়েছে কিন্তু তারপরও ঋণস্থিতি (Loan outstanding) রয়ে গেছে সে সকল ঋণগ্রহীতার ক্ষেত্রে;

(৪) Distressed case অর্থাৎ ঋণগ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদী ভাঙ্গন বা দুর্দশাজনিত কারণে ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ঋণগ্রহীতাদের ক্ষেত্রে Cost of fund recovery সংক্রান্ত শর্ত শিথিলের বিষয়ে প্রতিটি Case এর Merit বিবেচনা করে Case to Case ভিত্তিতে ব্যাংকের পরিচালনা পর্ষদ সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

০২। অর্থ মন্ত্রনালয় হতে জারীকৃত উপরোল্লেখিত সুদ মওকুফ সংক্রান্ত নির্দেশনার আলোকে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের জন্য একটি সুদ মওকুফ নীতিমালা প্রণয়ন করে তা ১৮.০১.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৬৯তম সভায় উপস্থাপন করা হয়। পর্ষদ কর্তৃক অনুমোদিত সুদ মওকুফ নীতিমালা নিম্নরূপ:

চলমান পাতা-০২

(ক) অর্থ মন্ত্রণালয় কর্তৃক দেয় নীতিমালার আলোকে মূল শর্তাবলী পরিপালন সাপেক্ষে ৩০.০৬.২০১৩ বা তৎপূর্বে মন্দ ও ক্ষতি হিসেবে শ্রেণীকৃত ঋণের সুদ মওকুফ বিবেচনাযোগ্য।

(খ) স্বাধীনতা পূর্বকালীন ঋণ, তাঁত ঋণ এবং ৩০.০৬.১৯৯০ তারিখের পূর্বে বিতরণকৃত সেচযন্ত্র ও পাওয়ার টিলার খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে মূল ঋণ ও অন্যান্য খরচ আদায় সাপেক্ষে অবশিষ্ট সমুদয় সুদ ও দন্ড সুদ মওকুফ করা যাবে;

০৩। সুদ মওকুফের সর্বোচ্চ সীমা এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ:

সুদ মওকুফ কর্তৃপক্ষ		সুদ মওকুফের ক্ষমতা
১।	ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী। (স্থানীয় মুখ্য কার্যালয়ের সুদ মওকুফ কমিটির সুপারিশের আলোকে)	৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের (চা ও রাবার ঋণ ব্যতিত) ক্ষেত্রে বিদ্যমান নীতিমালার আলোকে Case to case merit বিবেচনায় আরোপিত ৫২-স্থগিত সুদের সর্বোচ্চ ১০০% এবং অনারোপিত সুদের ১০০% মওকুফ করতে পারবেন। মওকুফ উত্তর অনুমোদনের জন্য সরাসরি ঋণ আদায় বিভাগ-২ এ প্রেরণ করতে হবে। ঋণ আদায় বিভাগ-২ তা কার্যোত্তর অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করবে।
২।	জোনাল ব্যবস্থাপক (জোনাল সুদ মওকুফ কমিটির সুপারিশের আলোকে)	৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের (চা ও রাবার ঋণ ব্যতিত) ক্ষেত্রে বিদ্যমান নীতিমালার আলোকে Case to case merit বিবেচনায় আরোপিত ৫২-স্থগিত সুদের সর্বোচ্চ ১০০% এবং অনারোপিত সুদের ১০০% মওকুফ করতে পারবেন। মওকুফ উত্তর অনুমোদনের জন্য সরাসরি ঋণ আদায় বিভাগ-২ এ প্রেরণ করতে হবে। ঋণ আদায় বিভাগ-২ তা কার্যোত্তর অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করবে।
৩।	বিভাগীয় মহাব্যবস্থাপক (বিভাগীয় সুদ মওকুফ কমিটির সুপারিশের আলোকে)	৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের (চা ও রাবার ঋণ ব্যতিত) ক্ষেত্রে Case to case merit বিবেচনায় আরোপিত ৫২-স্থগিত সুদের সর্বোচ্চ ১০০% এবং অনারোপিত সুদের ১০০% মওকুফ করতে পারবেন। মওকুফ উত্তর অনুমোদনের জন্য সরাসরি ঋণ আদায় বিভাগ-২ এ প্রেরণ করতে হবে। ঋণ আদায় বিভাগ-২ তা কার্যোত্তর অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করবে।
৪।	ব্যবস্থাপনা পরিচালক (প্রধান কার্যালয়ের সুদ মওকুফ কমিটির সুপারিশের আলোকে)	৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের ক্ষেত্রে Case to case merit বিবেচনায় আরোপিত সুদের সর্বোচ্চ ১০০% এবং অনারোপিত সুদের ১০০% মওকুফ করতে পারবেন। ঋণ আদায় বিভাগ-২ মওকুফ উত্তর অনুমোদনের জন্য তা পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করবে।
৫।	পরিচালনা পর্ষদ (প্রধান কার্যালয়ের সুদ মওকুফ কমিটির সুপারিশের আলোকে)	উপরোক্ত অনুমোদন ক্ষমতা বহির্ভূত সকল ধরণের ঋণের সুদ মওকুফ প্রস্তাব অনুমোদনের জন্য প্রধান কার্যালয়ের সুদ মওকুফ কমিটির সুপারিশের আলোকে ঋণ আদায় বিভাগ-১ পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করবে।

চলমান পাতা-০৩

০৪। **সুদ মওকুফ কমিটি:**

শাখা, জোনাল কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয় এবং প্রধান কার্যালয়ে একটি করে সুদ মওকুফ কমিটি থাকবে। সুদ মওকুফ কমিটির গঠনপ্রণালী হবে নিম্নরূপ:

(ক) প্রধান কার্যালয়ের সুদ মওকুফ কমিটি:

১.	উপ-ব্যবস্থাপনা পরিচালক	সভাপতি
২.	সকল মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়	সদস্য
৩.	মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী	সদস্য
৪.	উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	সদস্য
৫.	উপ-মহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ-১	সদস্য
৬.	উপ-মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ-২	সদস্য
৭.	উপ-মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ-১	সদস্য-সচিব

উপ-ব্যবস্থাপনা পরিচালকের অনুপস্থিতিতে প্রধান কার্যালয়ের জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক সভাপতির দায়িত্ব পালন করবেন।

(খ) বিভাগীয় সুদ মওকুফ কমিটি:

১।	বিভাগীয় মহাব্যবস্থাপক	সভাপতি
২।	বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা	সদস্য
৩।	জোনাল ব্যবস্থাপক, রাজশাহী/রংপুর	সদস্য
৪।	বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপকের পরবর্তী জ্যেষ্ঠতম কর্মকর্তা	সদস্য
৫।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য-সচিব

(গ) জোনাল সুদ মওকুফ কমিটি:

১।	জোনাল ব্যবস্থাপক	সভাপতি
২।	জোনাল নিরীক্ষা কর্মকর্তা	সদস্য
৩।	শাখা ব্যবস্থাপক (জেলা সদর শাখা)	সদস্য
৪।	জোনাল কার্যালয়ের জোনাল ব্যবস্থাপকের পরবর্তী জ্যেষ্ঠতম কর্মকর্তা	সদস্য
৫।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য-সচিব

(ঘ) স্থানীয় মুখ্য কার্যালয়ের সুদ মওকুফ কমিটি:

১।	ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী	সভাপতি
২।	ঋণ আদায় বিভাগ-১ এর সমব্য/উমুক	সদস্য
৩।	স্থানীয় মুখ্য কার্যালয়ের ব্যবস্থাপকের পরবর্তী জ্যেষ্ঠতম কর্মকর্তা	সদস্য
৪।	২য় কর্মকর্তা	সদস্য
৫।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য-সচিব

(ঙ) শাখার সুদ মওকুফ কমিটি:

১।	শাখা ব্যবস্থাপক	সভাপতি
২।	২য় কর্মকর্তা	সদস্য
৩।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য-সচিব

উপরে বর্ণিত কমিটিসমূহের দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সুদ মওকুফ কমিটির সভা আয়োজন করা যাবে।

০৫। সুদ মওকুফ প্রস্তাব বিবেচনাকালে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ ও পরিপালন করতে হবে;

(১) স্থানীয় মুখ্য কার্যালয় ৩.০০ লক্ষ টাকার উর্ধে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের সুদ মওকুফ প্রস্তাব ঋণ আদায় বিভাগ-২ এবং ৫.০০ লক্ষ টাকার উর্ধে মূল ঋণের সুদ মওকুফ প্রস্তাব ঋণ আদায় বিভাগ-১ এ প্রেরণ করবে।

(২) শাখাসমূহ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে মূল ঋণের সুদ মওকুফ প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগ-১ এ প্রেরণ করবে।

(৩) ঋণগ্রহীতার আবেদনের প্রেক্ষিতে মাঠ পর্যায়ের তদন্তে তার আর্থিক ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টি সুস্পষ্ট ও সন্দেহাতীতভাবে যৌক্তিক বিবেচিত হলে ঋণগ্রহীতার আবেদন প্রাপ্তির পরবর্তী ০১(এক) মাসের মধ্যে সুদ মওকুফের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সুদ মওকুফের ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। সুদ মওকুফ প্রস্তাবের জন্য তথ্যশীট (ছক-‘ক’/ছক-‘খ’) ব্যবহার করতে হবে।

চলমান পাতা-০৪

(৪) ঋণটি কেন মন্দ হিসেবে শ্রেণীকৃত হয়ে পড়েছে তা সরেজমিনে সতর্কতার সাথে তদন্ত করে প্রতিবেদনে উল্লেখ করতে হবে। এরূপ তদন্তকালে যদি প্রতীয়মান হয় যে, ঋণগ্রহীতা স্বভাবগতভাবে ঋণখেলাপী, সেক্ষেত্রে সুদ মওকুফ প্রস্তাব বিবেচনা না করে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৫) ঋণে অর্জিত সম্পত্তি বিনষ্ট হলে, নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ব্যবসায়িক ক্ষতি হলে, ঋণে স্থাপিত যন্ত্রপাতি অকেজো এবং মেরামতের অযোগ্য হলে বা প্রাকৃতিক দুর্যোগে ঋণগ্রহীতা মারাত্মক ক্ষতিগ্রস্ত হলে অথবা ঋণগ্রহীতা যে কোন কারণে সহায় সম্বলহীন হয়ে পড়লে, ঋণগ্রহীতা নাবালক উত্তরাধিকারী রেখে মারা গেলে এবং উত্তরাধিকারী ঋণ পরিশোধে অক্ষম হলে সুদ মওকুফ প্রস্তাব বিবেচনা করা যাবে।

(৬) ঋণগ্রহীতা কর্তৃক ব্যাংকের বিরুদ্ধে দায়েরকৃত রীট পিটিশন প্রত্যাহার অন্তে সুদ মওকুফ প্রস্তাব বিবেচনা করা যাবে।

(৭) ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধে ঋণ হিসাবের সুদ মওকুফ প্রস্তাব বিবেচনার পূর্বে অনাদায়ী ঋনের টাকা আদায়ের লক্ষ্যে ঋণের বিপরীতে প্রদত্ত জামানতি সম্পত্তি অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারা মোতাবেক বিক্রয়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যাংক কর্তৃক জামানতি সম্পত্তি বিক্রয় করতে ব্যর্থ হলে সেক্ষেত্রে উপযুক্ত আদালতে মোকদ্দমা দায়ের করতে হবে।

(৮) বন্ধকী সম্পত্তি নদীগর্ভে বিলীন হলে শাখা ব্যবস্থাপক সরেজমিন তদন্ত করে সুদ মওকুফ প্রস্তাবের সাথে এতদবিষয়ক প্রত্যয়নপত্র সংযুক্ত করবেন।

(৯) কৃষিভিত্তিক প্রকল্পের (পোল্ট্রি, ডেইরী, মৎস্য ইত্যাদি) সুদ মওকুফের যৌক্তিকতা হিসেবে মুরগী/গাভীর মড়ক, নিম্নমানের বাচ্চার কারণে প্রকল্প ক্ষতিগ্রস্ত, ডিমের মূল্য কমে যাওয়া, মাছের মড়ক ইত্যাদির কারণে প্রকল্প/ব্যবসা ক্ষতিগ্রস্ত হলে এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তা/মৎস্য কর্মকর্তা/ Technical Person এর মতামত/প্রত্যয়নপত্র এবং প্রকল্প রুগ্ন/বন্ধ হলে সরকারের সংশ্লিষ্ট দপ্তরের প্রত্যয়নপত্র সুদ মওকুফ প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

(১০) মওকুফ অবশিষ্ট পাওনা পরিশোধের সময়সীমা অনধিক ৩(তিন) মাস নির্ধারণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাওনা পরিশোধে ব্যর্থ হলে মওকুফ সুবিধা বাতিল বলে গণ্য হবে;

(১১) ঋণগ্রহীতার/ঋণগ্রহীতাদের আবেদনের প্রেক্ষিতে পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী সুদ মওকুফের বিষয়টি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ঋণগ্রহীতাগণ মেনে নিয়ে মওকুফ উত্তর পাওনা পরিশোধে সম্মত আছেন মর্মে অঙ্গীকারপত্র সুদ মওকুফ প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

(১২) অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ধারা ২২ এর মধ্যস্থতা সভার সিদ্ধান্ত অনুসারে মামলাকৃত কোন ঋণ হিসাবে দাবীকৃত সম্পূর্ণ টাকা বা দাবীর কম টাকা আদায় হলে ঋণের অবশিষ্ট স্থিতি অবসায়ন/সুদ মওকুফের নিমিত্ত পর্ষদ সভার অনুমোদন/অবহিতকরণের লক্ষ্যে তথ্যসহ (ছক-'ঘ') প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(১৩) কষ্ট অব ফান্ড হিসাবায়নের ক্ষেত্রে,

(ক) ঋণ বিতরণের তারিখ হতে SMA পর্যন্ত সাধারণ সুদ হার প্রযোজ্য হবে।

(খ) SS হতে প্রস্তাব প্রেরণ পর্যন্ত সময়কালের জন্য সর্বশেষ কষ্ট অব ফান্ড হার প্রযোজ্য হবে।

(গ) কষ্ট অব ফান্ড সরল সুদ হারে নির্ণয় করতে হবে।

(১৪) ডাউন পেমেন্ট জমা ব্যতিরেকে কোন সুদ মওকুফ প্রস্তাব বিবেচনা করা যাবে না। **সুদ মওকুফ আবেদনের তারিখ হতে পূর্ববর্তী তিন মাস সময়ের মধ্যে আদায়কে ডাউন পেমেন্ট হিসেবে গণ্য করা যাবে। নিম্নোক্ত হারে ডাউন পেমেন্ট আদায় করতে হবে:**

(ক) <u>সকল প্রকার মেয়াদী ঋণ এবং স্বল্প মেয়াদী কৃষি ঋণের (মাইক্রোক্রেডিটসহ) ক্ষেত্রে ডাউন পেমেন্টের হার:</u>

১) মেয়াদোত্তীর্ণ কিস্তির অন্যূন ১৫% অথবা মোট বকেয়ার ১০%, এ দু'য়ের মধ্যে যা কম, নগদে পরিশোধের পরই ১ম বার আবেদন বিবেচনাযোগ্য হবে;

২) মেয়াদোত্তীর্ণ কিস্তির অন্যূন ৩০% অথবা মোট বকেয়ার ২০%, এ দু'য়ের মধ্যে যা কম, নগদে পরিশোধের পরই ২য় বার আবেদন বিবেচনাযোগ্য হবে;

৩) মেয়াদোত্তীর্ণ কিস্তির অন্যূন ৫০% অথবা মোট বকেয়ার ৩০%, এ দু'য়ের মধ্যে যা কম, নগদে পরিশোধের পরই ৩য় বার আবেদন বিবেচনাযোগ্য হবে;

চলমান পাতা-০৫

(খ) তলবী ও চলমান ঋণের ক্ষেত্রে ডাউন পেমেন্টের হার ও পরিমাণ:

১) ১.০০ কোটি টাকা পর্যন্ত মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে ১৫% ডাউন পেমেন্ট নগদে পরিশোধের পরই আবেদন বিবেচনাযোগ্য হবে;

২) ১.০০ কোটি টাকা হতে ৫.০০ কোটি টাকা পর্যন্ত মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে ১০%, তবে ১৫.০০ লক্ষ টাকার কম নয়, নগদে পরিশোধের পরই আবেদন বিবেচনাযোগ্য হবে;

৩) ৫.০০ কোটি টাকা ও তদূর্ধ্ব মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে ৫%, তবে ৫০.০০ লক্ষ টাকার কম নয়, নগদে পরিশোধের পরই আবেদন বিবেচনাযোগ্য হবে;

৪) কোন তলবী বা চলমান ঋণ মেয়াদী ঋণে পুনর্গঠন/রূপান্তর করা হলে সেক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির অন্যূন ৩০% অথবা মোট বকেয়ার ২০%, এ দু'য়ের মধ্যে যা কম, নগদে পরিশোধের পরই আবেদন বিবেচনাযোগ্য হবে;

৫) পরবর্তীতে এ ধরনের ঋণের সুদ মওকুফের আবেদন বিবেচনার ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির অন্যূন ৫০% অথবা মোট বকেয়ার ৩০%, এ দু'য়ের মধ্যে যা কম, নগদে পরিশোধের পরই আবেদন বিবেচনাযোগ্য হবে;

(১৫) আয় খাত ডেবিট করে সুদ মওকুফ নিরুৎসাহিত করতে হবে। মওকুফকৃত টাকা ব্যাংকের খরচ বিধায় মুনাফার বিষয়টি বিবেচনায় রেখে সুদ মওকুফের প্রস্তাব করতে হবে;

(১৬) সুদ মওকুফ কার্যকর করার লক্ষ্যে কোন অবস্থাতেই আদায়কৃত টাকা ফেরত দেয়া যাবে না।

(১৭) মূল ঋণ, মামলা ও অন্যান্য খরচ কোন অবস্থাতেই মওকুফযোগ্য নয়।

০৬। সুদ মওকুফ সিদ্ধান্ত কার্যকরকালে নিম্নবর্ণিত বিষয়াদি অনুসরণ করতে হবে:

(১) ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় (শাখার সুদ মওকুফ কমিটির সুপারিশের আলোকে) ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের (চা ও রাবার ঋণ ব্যতিত) সুদ মওকুফ কার্যকর করবেন এবং মওকুফ আদেশ সংশ্লিষ্ট ঋণগ্রহীতা বরাবর প্রেরণ করবেন। পরবর্তীতে শাখার প্রস্তাবের কপিসহ সুদ মওকুফের সংকলিত বিবরণী (ছক-'গ') পরিচালনা পর্ষদের কার্যোত্তর অনুমোদনের জন্য প্রত্যয়নপত্রসহ ৭(সাত) দিনের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগ-২ এ প্রেরণ করবেন। ৩.০০ লক্ষ টাকার উর্ধ্বে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের সুদ মওকুফ প্রস্তাব ঋণ আদায় বিভাগ-২ এবং ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে মূল ঋণের সুদ মওকুফ প্রস্তাব ঋণ আদায় বিভাগ-১ এ প্রেরণ করবেন। এছাড়াও সুদ মওকুফ সংক্রান্ত তথ্যাদি এতদসংক্রান্ত রেজিষ্টারে যথাযথভাবে লিপিবদ্ধ/সংরক্ষণ করতে হবে।

(২) জোনাল ব্যবস্থাপক (জোনাল সুদ মওকুফ কমিটির সুপারিশের আলোকে) ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের (চা ও রাবার ঋণ ব্যতিত) সুদ মওকুফ কার্যকর করবেন এবং মওকুফ আদেশ শাখায় প্রেরণ করবেন। পরবর্তীতে শাখার প্রস্তাবের কপিসহ সুদ মওকুফের সংকলিত বিবরণী (ছক-'গ') পরিচালনা পর্ষদের কার্যোত্তর অনুমোদনের জন্য প্রত্যয়নপত্রসহ ৭(সাত) দিনের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগ-২ এ প্রেরণ করবেন। ৩.০০ লক্ষ টাকার উর্ধ্বের মূল ঋণের সুদ মওকুফ প্রস্তাব (দুই প্রস্ত) জোনাল সুদ মওকুফ কমিটির মূল্যায়ন ও সুপারিশসহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন। এছাড়াও ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের মূল ঋণের সুদ মওকুফ প্রস্তাব (দুই প্রস্ত) জোনাল সুদ মওকুফ কমিটির সুপারিশসহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন। বিভাগীয় কার্যালয় সুদ মওকুফ কমিটির সুপারিশসহ তা ঋণ আদায় বিভাগ-১ এ প্রেরণ করবে। শাখা ও জোনাল কার্যালয়ের সুদ মওকুফ সংক্রান্ত তথ্যাদি এতদসংক্রান্ত রেজিষ্টারে যথাযথভাবে লিপিবদ্ধ/সংরক্ষণ করতে হবে।

(৩) বিভাগীয় মহাব্যবস্থাপক (বিভাগীয় সুদ মওকুফ কমিটির সুপারিশের আলোকে) ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের সুদ মওকুফ কার্যকর করবেন এবং মওকুফ আদেশ সংশ্লিষ্ট শাখা ও জোনাল কার্যালয়ে প্রেরণ করবেন। পরবর্তীতে সুদ মওকুফের সংকলিত বিবরণী (শাখার প্রস্তাবের কপিসহ) পরিচালনা পর্ষদের কার্যোত্তর অনুমোদনের জন্য প্রত্যয়নপত্রসহ ৭(সাত) দিনের মধ্যে ঋণ আদায় বিভাগ-২ এ প্রেরণ করবেন। সুদ মওকুফ সংক্রান্ত তথ্যাদি এতদসংক্রান্ত রেজিষ্টারে যথাযথভাবে লিপিবদ্ধ/সংরক্ষণ করতে হবে।

(৪) ব্যবস্থাপনা পরিচালকের সুদ মওকুফ ক্ষমতার আওতাভুক্ত ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের সুদ মওকুফ প্রস্তাবসমূহ প্রক্রিয়াকরণের যাবতীয় কাজ ঋণ আদায় বিভাগ-২ সম্পন্ন করবে এবং মওকুফ আদেশ সংশ্লিষ্ট শাখা ও জোনাল কার্যালয়ে প্রেরণ করবে। পরবর্তীতে কার্যোত্তর অনুমোদনের জন্য তা পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করবে। সুদ মওকুফ সংক্রান্ত তথ্যাদি এতদসংক্রান্ত রেজিষ্টারে যথাযথভাবে লিপিবদ্ধ/সংরক্ষণ করতে হবে।

চলমান পাতা-০৬

(৫) ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল ঋণের ক্ষেত্রে সুদ মওকুফ প্রস্তাব ঋণ আদায় বিভাগ-২ এবং ৫.০০ লক্ষ টাকার উর্ধে মূল ঋণের ক্ষেত্রে সুদ মওকুফ প্রস্তাব ঋণ আদায় বিভাগ-১ প্রক্রিয়াকরণ করবে।

(৬) শাখা কর্তৃক সুদ মওকুফ প্রস্তাব কার্যকর করার পূর্বে ঋণ হিসাবের সঠিকতা পুনঃযাচাই করে দেখতে হবে। সুদ মওকুফের পরিমাণ ৫০,০০০/- টাকার উর্ধে হলে জোনাল নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক ঋণ হিসাবের সঠিকতা যাচাই সাপেক্ষে মওকুফ আদেশ কার্যকর করতে হবে। স্থানীয় মুখ্য কার্যালয়ের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের অডিট ইউনিট কর্তৃক একই পদ্ধতিতে ঋণ হিসাবের সঠিকতা যাচাই করিয়ে নিতে হবে। **শাখা কর্তৃক সুদ মওকুফ ভাউচার পাস করার পর নীট মওকুফকৃত টাকার ডেবিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।**

(৭) মামলা দায়েরকৃত কোন ঋণ হিসাব সুদ মওকুফের আওতায় নিষ্পত্তি হলে তাৎক্ষনিকভাবে মামলা নিষ্পত্তি/প্রত্যাহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৮) সুদ মওকুফের আদেশপত্রে উল্লেখিত সময়ের মধ্যে ঋণগ্রহীতা টাকা পরিশোধে ব্যর্থ হলে মওকুফ সুবিধা বাতিল বলে গণ্য হবে এবং ঋণের টাকা আদায়কল্পে অনতিবিলম্বে উপযুক্ত আদালতে মামলা দায়ের করতে হবে।

(৯) জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণ নিরীক্ষাকালে শাখা কর্তৃক মওকুফকৃত সুদের তথ্য যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে কিনা তা যাচাই করবেন।

(১০) শাখা ব্যবস্থাপক সুদ মওকুফ আদেশ/মঞ্জুরিপত্রের একটি কপি সংশ্লিষ্ট ভাউচারে এবং অপর একটি কপি আলাদা ফাইলে সংরক্ষণ করবেন।

০৭। এ নীতিমালা জারীর তারিখ হতে ইতোপূর্বে জারীকৃত সুদ মওকুফ সংক্রান্ত সকল সার্কুলার/সার্কুলার লেটার/পত্রাদি বাতিল বলে গণ্য হবে।

০৮। সুদ মওকুফ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ আদায় বিভাগ -১ এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত

(মো: মাহফুজুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ঋআবি-১/১৯(অংশ)/২০১৭-২০১৮/৫১৭(৪৫২) তারিখ: ০৫.০২.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, রাজশাহী।
৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
৯। অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

(মো: বোদিউজ্জামান)
উর্ধতন কর্মকর্তা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
-------------------শাখা
-------------------জোন

ছক 'ক' প্রকল্প ঋণ, চলতি পুঁজি ও অন্যান্য

সুদ মওকুফ প্রস্তাবের তথ্যশীট

১.০০ প্রকল্প পরিচিতি :

০১. ঋণ কেস নম্বর ও ঋণ ফলিও নম্বর :

০২. ঋণগ্রহীতা প্রতিষ্ঠান/প্রকল্পের নাম :

০৩. ঋণগ্রহীতার নাম ও ঠিকানা :

০৪. ঋণগ্রহীতা প্রতিষ্ঠান/প্রকল্পের স্থান/প্রধান কার্যালয় :

০৫. ঋণের উদ্দেশ্য :

০৬. ঋণের প্রকৃতি (প্রকল্প/চলতি পুঁজি/মেয়াদী) ইত্যাদি :

০৭. উৎপাদিত পণ্য :

০৮. ঋণ মঞ্জুরীর তারিখ ও পরিমাণ (মঞ্জুরী পত্র নং উল্লেখ করতে হবে)। :

০৯. ঋণ বিতরণের তারিখ ও পরিমাণ :

১০. ঋণ পরিশোধসূচী (দেয় তারিখ, কিস্তির সংখ্যা ও কিস্তির পরিমাণ উল্লেখ করতে হবে) :

১১. ঋণের সদ্ব্যবহার বিষয়ে মন্তব্য :

১২. প্রকল্প/ব্যবসার বর্তমান অবস্থা :

১৩. প্রকল্প/শিল্প ঋণের ক্ষেত্রে :

(ক) প্রাক্কলিত উৎপাদন ক্ষমতা :

(খ) নির্মিত ও কমিশনিং হয়েছিল কিনা? :

(গ) বানিজ্যিকভাবে উৎপাদনে যাওয়ার তারিখ :

(ঘ) প্রকল্প/শিল্প প্রতিষ্ঠান/অন্যান্য লোন এর বর্তমান অবস্থা :

১৪. প্রকল্প/ব্যবসা রুগ্নতার কারণ ও ঋণ আদায় না হওয়ার কারণ :

২.০০ কোম্পানী পরিচিতি :

০১. সংগঠন প্রকৃতি/মালিকানার ধরণ :

০২. নিবন্ধনের তারিখ :

০৩. অনুমোদিত মূলধন :

৩.০০ ব্যবস্থাপনা পরিচিতি :

ক্রঃ নংঃ	উদ্যোক্তার নাম, ঠিকানা ও বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	প্রধান উদ্যোক্তার সাথে সম্পর্ক	পদবী	গৃহীত শেয়ারের হার এবং মূল্য (লক্ষ টাকায়)	ওয়ার্থ (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭
০১						
০২						
০৩						
০৪						

৪.০০ বিদ্যমান জামানত :

(ক) মোট জামানতের পরিমাণ (জমি)

পরিমাণ :

মঞ্জুরীকালীন বাজার মূল্য :

বর্তমান বাজার মূল্য :

তাৎক্ষনিক বাজার মূল্য :

(খ) (ভবন)

মুঞ্জুরীকালীন বাজার মূল্য :

বর্তমান বাজার মূল্য :

তাৎক্ষণিক বাজার মূল্য :

(গ) যন্ত্রপাতি (মেশিনারিজ)

মুঞ্জুরীকালীন বাজার মূল্য :

বর্তমান বাজার মূল্য :

তাৎক্ষণিক বাজার মূল্য :

চলমান পাতা-০৩

(ঘ) জামানতি সম্পত্তির বর্তমান অবস্থা :

(ঙ) জামানতি সম্পত্তি বিক্রয় হয়ে থাকলে সে বিষয়ে গৃহিত ব্যবস্থাদি :

(চ) ঋণগ্রহীতার অন্যান্য সম্পদের বিবরণ :

৫.০০ নবায়ন সংক্রান্ত তথ্য :

৬.০০ পুন:তফশীল সংক্রান্ত তথ্য :

৭.০০ গৃহিত ঋণ মন্দ ও ক্ষতি হিসেবে চিহ্নিত হওয়ার তারিখ :

৮.০০ অবলোপন সংক্রান্ত তথ্য :

৯.০০ মওকুফ সুবিধা সংক্রান্ত তথ্য (ইতোপূর্বে মওকুফ হয়ে থাকলে) :

১০.০০ ঋণ বিতরণে কোন অনিয়ম/অভিযোগ উত্থাপিত হয়ে থাকলে দায়ী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে গৃহিত ব্যবস্থাদির বিবরণ :

১১.০০ মামলা সংক্রান্ত তথ্য :

ঋণের ধরণ	মামলা নং	দায়েরের তারিখ	দাবীকৃত টাকার পরিমাণ	বর্তমানে মামলাটি কি পর্যায়ে আছে? (নির্দিষ্টভাবে)
ক	খ	গ	ঘ	ঙ

১২.০০ জামানতি সম্পত্তি বিক্রয়ের চেষ্টা করে ব্যর্থ হয়ে মামলা দায়ের করা হয়েছে কিনা? (হয়ে থাকলে পত্রিকার নাম ও নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ উল্লেখ করতে হবে) :

১৩.০০ উদ্যোক্তা/ঋণগ্রহীতা কর্তৃক সুদ মওকুফ আবেদনের তারিখ :

১৪.০০ উদ্যোক্তা/ঋণগ্রহীতা কর্তৃক সুদ মওকুফ আবেদনের কারণ :

১৫.০০ ডাউন পেমেন্ট জমা (আবেদনের তারিখে) :

আবেদনের তারিখের পূর্ববর্তী তিন মাস সময়ের মধ্যে আদায়কে ডাউন পেমেন্ট হিসেবে গণ্য করা হবে।

মোট ঋণ স্থিতি (আরোপিত অনারোপিত)	প্রয়োজনীয় ডাউন পেমেন্টের পরিমাণ	জমাকৃত ডাউন পেমেন্ট	মন্তব্য ১ম বার ১০% ২য় বার ২০% ৩য় বার ৩০%

১৬.০০ Cost of fund নির্ণয়:

(ক)

মূল ঋণ	ঋণ বিতরণ তারিখ	মেয়াদোত্তীর্ণেও তারিখ	SMA শেষ হওয়ার তারিখ

(খ)

ঋণ বিতরণের তারিখ হতে SMA সময় পর্যন্ত ৯০ দিন সাধারণ হারে (মঞ্জুরী পত্রের সুদ হারে) সুদের পরিমাণ	SMA তারিখ শেষ হতে প্রস্তাব প্রেরনের মাসের শেষ তারিখ পর্যন্ত (প্রধান কার্যালয় হতে নির্ণীত হারে)	মোট কষ্ট অব ফান্ড
১	২	৩

১৭.০০ ঋণ হিসাবের বিস্তারিত অবস্থা :
(যে তারিখে প্রস্তাব প্রেরণ করা হবে সেই মাসের শেষ তারিখ পর্যন্ত হিসাবায়ন করতে হবে)

ক) প্রস্তাবের সারাংশ ঃ

(লক্ষ টাকায়)

ঋণের প্রকৃতি	বিতরণকৃত ঋণের পরিমাণ	মোট পাওনা (অনারোপিত সুদসহ)	মোট পরিশোধ (ডাউন পেমেন্টসহ)	ডাউন পেমেন্ট বাবদ জমা		নীট পাওনা (অনারোপিত সুদসহ)	প্রস্তাবিত সুদ মওকুফ	আদায়যোগ্য	মওকুফ বাদে মোট আদায় দাড়াবে
				প্রয়োজনীয় ডাউন পেমেন্ট (স্থিতির ১০%)	ডাউন পেমেন্ট বাবদ জমা				

(খ)

ক্র:নং	খাতের বিবরণ	প্রকল্প ঋণ	চলতি পুঁজি	অন্যান্য ঋণ	মোট
(১)	মূলঋণ				
(২)	আয়খাতে গৃহিত সুদ				
(৩)	স্থগিত খাতে গৃহিত সুদ				
(৪)	অনারোপিত সুদ				
(৫)	অন্যান্য খরচ				
(৬)	মোট পাওনা				
(৭)	মোট আদায়				
(৮)	নীট পাওনা				
(৯)	প্রস্তাবিত সুদ মওকুফের পরিমাণ:				
	(ক) আরোপিত সুদ				
	(খ) অনারোপিত সুদ				
(১০)	নীট আদায়যোগ্য টাকার পরিমাণ				
(১১)	কষ্ট অব ফান্ড নিশ্চিত করে আদায়যোগ্য টাকার পরিমাণ				
(১২)	আয়খাত ডেবিট না করে এবং কষ্ট অব ফান্ড আদায় নিশ্চিত করে আদায়যোগ্য টাকার পরিমাণ				

চলমান পাতা-০৫

(১৩)	ঋণ হিসাব সমন্বয় পদ্ধতি:				
	(ক) ঋণগ্রহীতার নিকট হতে নগদ আদায়যোগ্য				
	(খ) ডেফার্ড সুদ হতে সমন্বয়				
	(গ) অনারোপিত সুদ হতে সমন্বয়				
	(ঘ) আয়খাত হতে সমন্বয়				
	মোট=				

১৮.০০ উদ্যোক্তা/ঋণগ্রহীতার বর্তমান অবস্থা :

১৯.০০ সরেজমিনে তদন্ত করে সুদ মওকুফ প্রদানের যৌক্তিকতা বিষয়ে শাখা ব্যবস্থাপকের সুস্পষ্ট মতামত ও সুপারিশ :
(সুপারিশ সংক্ষিপ্ত ও বাস্তবভিত্তিক হবে)

২০.০০ জোনাল সুদ মওকুফ কমিটির সুপারিশ :

২১.০০ জোনাল ব্যবস্থাপকের পর্যবেক্ষণ ও সুপারিশ :

২২.০০ রাকাব বিভাগীয় কার্যালয় সুদ মওকুফ কমিটির সুপারিশ :

২৩.০০ বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের পর্যবেক্ষণ ও সুপারিশ :

(N.B) সুদ মওকুফ প্রস্তাবের সাথে নিম্নবর্ণিত কাগজাদি অবশ্যই প্রেরণ করতে হবে।

(ক) সুদ মওকুফের আবেদনপত্র।
(খ) ঋণ মঞ্জুরীপত্র।
(গ) ঋণ পূর্বানুমান প্রতিবেদন (LF-5)।
(ঘ) লেনদেন বিবরণী।
(ঙ) বন্ধকী দলিলের ফটোকপি।